গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮০-আইন/২০২৫/৩০৮-মুসক। সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-১ এর-

- (ক) দফা (ক) এ উল্লিখিত "রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে" শব্দগুলির পরিবর্তে "রপ্তানি কার্যে নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক" শব্দগুলি এবং "Customs Act, 1969 (Act IV of 1969)" এন্ট্রিসমূহের পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (খ) এ উল্লিখিত "রপ্তানি পণ্য উৎপাদন পর্যায়ে" শব্দগুলির পরিবর্তে "রপ্তানি কার্যে নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) দফা (গ) এ উল্লিখিত "রপ্তানি পণ্য উৎপাদনে" শব্দগুলির পরিবর্তে "রপ্তানি কার্যে নিয়োজিত প্রতিষ্ঠান কর্তৃক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ) সচিব